



**ST. LAWRENCE HIGH SCHOOL**  
A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION



**Sub: Bengali Study material 5 Date -18-05-2020**

**Class: 12**

**1<sup>st</sup> Term**

**গারো পাহাড়ের নীচে**

**- সুভাষ মুখোপাধ্যায়**

**সুভাষ মুখোপাধ্যায়**— জন্ম- নদিয়ার কৃষ্ণনগরে, ১৯১৯ খ্রীষ্টাব্দের ১২ই ফেব্রুয়ারি। তিনি বাংলা সাহিত্যের খ্যাতনামা কবি। তাঁর ১ম প্রকাশিত কাব্যগ্রন্থ ‘পদাতিক’। ১৯৬১ থেকে ১৯৬৩ সত্যজিৎ রায়ের সঙ্গে যৌথ ভাবে ‘সন্দেশ’ পত্রিকার সম্পাদনা করেন। ২০০৩ খ্রীষ্টাব্দের ৮ই জুলাই তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

**শব্দার্থ** – শিয়রে – মাথার উপরে, একরাশ – অসংখ্য, রাবণের চিতা – যে আগুন সব সময় জ্বলে, দুর্ধর্ষ – ভয়ংকর, পলেন্ডারা -প্রলেপ, টং – অতিরিক্ত ক্রোধ, ফেরি – নৌকা পারাপার, হালচাল -গতিবিধি, জুড়ি – সমকক্ষ, তারিফ -প্রশংসা, খামার – শস্য রাখবার স্থান, পাইক- লাঠিয়াল, বরকন্দাজ – বন্দুকধারী রক্ষী, শাপমুন্নি- অভিশাপ, টঙ্ক – টাকা, পান থেকে চুন খসা – কাজে সামান্য ত্রুটি হওয়া, বেড় -বেষ্টন, পল্টন – সৈন্য,

**সারকথা** - সুভাষ মুখোপাধ্যায় সমগ্র বাংলায় ভ্রমণ করেছেন। চিনেছেন বাংলাকে। জেনেছেন বাংলার মানুষকে। খুব সামনে থেকে দেখেছেন তাদের জীবনযাত্রাকে। ভ্রমণ পিপাসু কবি প্রকৃতির টানে একবার ছুটে গিয়েছিলেন গারো পাহাড়ের নীচে।

চৈত্র-বৈশাখ মাসে মৈমনসিংহের গারো পাহাড়ের নীচে গিয়েছিলেন। সেখানকার পাহাড়ের উপরের ও নীচের মানুষদের তিনি খুব সামনে থেকে দেখেছেন। পাহাড়ের উপরে যারা বাস করে তারা পাহাড়ের উপরের শুকনো পাতায় আগুন জ্বালায়। সেখান থেকে যে ছাই সৃষ্টি হয় তার উপরে তারা চাষ করে। পাহাড়ের ওপর মাটি না থাকায় এই ব্যবস্থা। আগুন জ্বলে বনের জন্তুরা ছুটে পালায়। সেগুলিকে তারা শিকার করে।

কঠিন পরিশ্রম করে তারা যে ফসল ফলায় তা তারা ঘরে নেবার আগেই জমিদার তার ঘরে নিয়ে যায় ।  
জমিদারের ভয়ে তারা তার প্রতিবাদ করতে পারে না ।

গদ্যাংশে জমিদারের আর এক প্রকার অত্যাচারের ছবি আমরা গল্পে দেখতে পাই । সেটি হল ‘হাতি বেগার’ । জমিদার মাচার উপর অস্ত্র নিয়ে তৈরী থাকত আর প্রজারা জঙ্গলে দল বেঁধে হাতি তাড়িয়ে শিকারের সামনে নিয়ে আসত । এর ফলে অনেক মানুষ মারা যেত ।

এ সব সহ্য করতে না পেরে গোরচাঁদ মাস্টারের নেতৃত্বে একদিন বিদ্রোহ করল । শেষ পর্যন্ত প্রজাদের পরাজয় হলেও হাতিবেগার বন্ধ হ হল । প্রজারা নিজেদের সম্মান ফিরে পেল ।

### প্রশ্ন ও উত্তর সংকেত :

- ১ গারো পাহাড়ের উপরে যারা বাস করে তাদের চাষবাসের বর্ণনা দাও । ৫  
- পাহাড়ে মাটির অভাব । কিন্তু চাষ করতে গেলে মাটির দরকার । সেই প্রয়োজন মেটাবার জন্য তারা শুকনো গাছপালায় আগুন ধরায় । সব পুড়ে গেলে যে ছাই থাকে তার উপর তারা চাষ করে । পাঠ্য অনুসারে এই বিষয়টির বর্ণনা দিতে হবে ।
- ২ গারো পাহাড়ের নীচে যারা বাস করে তাদের চাষবাসের বর্ণনা দাও । ৫  
- হাজং কথাটির অর্থ হল চাষের পোকা । তারা চাষবাসে অত্যন্ত দক্ষ । তাদের কঠোর পরিশ্রমের ও ফসল ঘরে তুলতে না পারার কাহিনী বলতে হবে ।
- ৩ গারো পাহাড়ের নীচে যারা বাস করে তাদের জীবনযাত্রার বর্ণনা দাও । ৫  
- তাদের চাষবাসের বর্ণনা , গৃহপালিতদের সঙ্গে তারা কীভাবে থাকে , তাদের ভাষা , জমিদারের বর্ণনা লিপিবদ্ধ করতে হবে ।
- ৪ জমিদারের অত্যাচারের কাহিনী লিপিবদ্ধ কর । ৫  
- পরশ্রমের ফসলের উপরে জমিদারের অধিকার , হাতিবেগারের কাহিনী লিপিবদ্ধ করতে হবে ।

Sukanta Ghosh